



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“বাংলাদেশের অর্থনৈতিক সুশাসন প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর ভূমিকা” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ জানুয়ারি ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে “বাংলাদেশের অর্থনৈতিক সুশাসন প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর ভূমিকা” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের আয়োজনে ২৫ জানুয়ারি সন্ধ্যা ৬ টায় ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন কম্পিউটার এন্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ মোহাম্মদ মুসলিম চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ মুসলিম চৌধুরী বলেন, বাংলাদেশের অর্থনৈতিক সুশাসন প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর অনেক অবদান রয়েছে। সুশাসন প্রতিষ্ঠায় প্রথম ধাপ হিসেবে মাত্র নয় মাসে জাতিকে একটি সংবিধান উপহার দিতে সক্ষম হয়েছিলেন বঙ্গবন্ধু। আইন বিভাগ, শাসন বিভাগ, বিচার বিভাগ থেকে শুরু করে পিএসসি সিজিএর মত প্রতিষ্ঠানের সাংবিধানিক ভিত রচনা করেছেন বঙ্গবন্ধু। প্রতিটি ক্ষেত্রেই তিনি বিচক্ষণতার স্বাক্ষর রেখে গেছেন। তিনি শুধু আমাদের মুক্তিরই মহানায়ক নন তিনি আমাদের প্রতিটি ক্ষেত্রেই মহানায়ক। অনুষ্ঠানে স্বাগত বক্তা ছিলেন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান মুহাম্মদ রাকিবুল ইসলাম। ওয়েবিনারে আরও বক্তব্য রাখেন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক সাজিদ চন্দ্র পাল, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষার্থী গোপাল কর্মকার ও নাগিস সুলতানা। এসময় বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অন্যান্যরা যুক্ত ছিলেন। ওয়েবিনারটি সঞ্চালনা করেন একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক ড. মল্লিকা সাহা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস